# আন্তর্জাতিক সংকটেই জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

আন্তর্জাতিক পরিস্থিতির প্রভাবেই দেশে জ্বালানি তেলের দাম বাড়ানো হয়েছে বলে জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে জ্বালানি তেলের দাম এখনও কম রয়েছে।

সোমবার (২১ সেপ্টেম্বর) দুপুরে নয়াপল্টনে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন রিজভী।

প্রশাসনে ফ্যাসিবাদ ও অগণতান্ত্রিক শক্তির সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান বিএনপির এই নেতা। রিজভী বলেন, প্রশাসনের ভেতরে থাকা এমন অনেককে ইতোমধ্যে শনাক্ত করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হয়েছে। বিভিন্ন ধরনের বিশৃঙ্খলার সঙ্গে জড়িত ব্যক্তিরাও এর আওতায় রয়েছেন।

দেশজুড়ে অপপ্রচারের বিরুদ্ধে বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা মাঠে কর্মসূচি পালন করবেন বলেও জানান রিজভী। এ জন্য সভা-সমাবেশসহ বিভিন্ন কর্মসূচি নেওয়া হবে।

LENS ASIA

যুক্তরাষ্ট্রের সংবর্ধনা অনুষ্ঠান বাতিলের বিষয়েও কথা বলেন বিএনপির এই সিনিয়র নেতা। তিনি বলেন, দেশের স্বার্থ এবং জনগণের কল্যাণের কথা বিবেচনা করেই অনুষ্ঠানটি বাতিল করা হয়েছে।